

Tokyo, 06 November 2023:

### **Seminar on Human Resources of Bangladesh held in Tokyo**

Bangladesh Embassy in Tokyo in collaboration with Japan International Trainee and Skilled Worker Cooperation Organization (JITCO) organized a seminar today on ‘Bangladesh: A Highly Potential Source Country of Skilled Human Resources for Japan’ at Toshi Kaikan in Tokyo. Nearly 300 participants from Japanese companies and manpower recruiting organizations, and the sending organizations of Bangladesh were present at the event.

Ambassador of Bangladesh to Japan Shahabuddin Ahmed in his welcome speech thanked the Japan Government for elevating the diplomatic relations between Bangladesh and Japan to “Strategic Partnership”. He also mentioned that along with diversified economic sectors’ cooperation, now is the time to focus on the Human Resources as Bangladesh has a huge pool of skilled manpower that can be sent for overseas employment while Japan has a growing demand of foreign workers. The Ambassador urged Japan's manpower recruiting companies and agencies to recruit more skilled workers from Bangladesh.

First Secretary (Labour) of the Embassy Md. Zoynal Abedin gave a presentation on ‘Bangladesh- A Highly Potential Source Country of Skilled Human Resources for Japan’ focusing on why and how Bangladesh can be the most potential source country of skilled human resources for Japan. He mentioned the initiatives taken by Bangladesh government to train the youths for employment in line with the demand of the Japanese companies and industries. Senior Vice President of JITCO Ambassador Shigeo Matsutomi also made a presentation on ‘Global Labor Market and Diversification of Foreign Human Resources’.

Later some success stories of Bangladeshi workers in Japan were screened before the audience. Three Japanese guests shared their positive experience about Bangladeshi workers.

The seminar was followed by a four-hour long interaction and matching program between Supervising Organizations of Japan and Sending Organizations of Bangladesh. 45 Sending organizations from Bangladesh and around 120 Supervising organizations of Japan took part in the event. It is expected by both sides that some agreements between them will be signed as an outcome of this matching event, and it will be a milestone in expanding Bangladeshi labour market in Japan.

The Seminar and Matching program were attended by Bangladesh embassy and JITCO officials.

টোকিও, ০৬ নভেম্বর ২০২৩:

## টোকিওতে বাংলাদেশের মানবসম্পদ বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

বাংলাদেশ দূতাবাস, টোকিও ও জাপান ইন্টারন্যাশনাল ট্রেইনি অ্যান্ড স্কিলড ওয়ার্কার কো-অপারেশন অর্গানাইজেশনের (জিটকো)'র উদ্যোগে আজ টোকিওর তোশি কাইকানে 'Bangladesh-A Highly Potential Source Country of Skilled Human Resources for Japan' শীর্ষক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে জাপানের বিভিন্ন কোম্পানি ও জনশক্তি নিয়োগকারী সংস্থা এবং বাংলাদেশের জনশক্তি প্রেরক সংস্থার প্রায় ৩০০ জন অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে জাপানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদ বাংলাদেশ ও জাপানের মধ্যে কূটনৈতিক সম্পর্ককে 'কৌশলগত অংশীদারিত্বে' উন্নীত করার জন্য জাপান সরকারকে ধন্যবাদ জানান। তিনি বলেন, জাপানের সাথে বিভিন্ন অর্থনৈতিক ক্ষেত্রে সহযোগিতার পাশাপাশি এখন সময় এসেছে মানব সম্পদের দিকে মনোনিবেশ করার কারণ বাংলাদেশে বিদেশে পাঠানোর জন্য প্রচুর দক্ষ জনশক্তি রয়েছে এবং অন্যদিকে জাপানে বিদেশী শ্রমিকদের ক্রমবর্ধমান চাহিদা রয়েছে। রাষ্ট্রদূত জাপানের জনশক্তি নিয়োগকারী কোম্পানি ও সংস্থাগুলোকে বাংলাদেশ থেকে আরও দক্ষ কর্মী নিয়োগের আহ্বান জানান।

দূতাবাসের ফার্স্ট সেক্রেটারি (শ্রম) মোঃ জয়নাল আবেদীন 'বাংলাদেশ: জাপানের জন্য দক্ষ মানব সম্পদের একটি অত্যন্ত সম্ভাবনাময় উৎস' শীর্ষক পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন তিনি জাপানের বিভিন্ন কোম্পানি ও শিল্পের চাহিদার সাথে সামঞ্জস্য রেখে যুবকদের প্রশিক্ষণের জন্য বাংলাদেশ সরকারের গৃহীত উদ্যোগের কথা উল্লেখ করেন। জিটকোর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট অ্যান্ড অ্যাডভাইজার শিগেও মাতসুটোমি 'গ্লোবাল লেবার মার্কেট অ্যান্ড ডাইভারসিফিকেশন অফ ফরেন হিউম্যান রিসোর্সেস' বিষয়ে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন।

পরে জাপানে বাংলাদেশি শ্রমিকদের কিছু সাফল্যের গল্প দর্শকদের সামনে তুলে ধরা হয়। তিনজন জাপানি অতিথি বাংলাদেশি কর্মীদের সম্পর্কে তাদের ইতিবাচক অভিজ্ঞতা শেয়ার করেন।

সেমিনার শেষে জাপানের জনশক্তি নিয়োগকারী সংস্থা এবং বাংলাদেশের জনশক্তি প্রেরক সংস্থাগুলোর মধ্যে চার ঘন্টাব্যাপী মিথস্ক্রিয়া এবং ম্যাচিং প্রোগ্রাম আয়োজন করা হয়। বাংলাদেশ থেকে ৪৫টি জনশক্তি প্রেরক সংস্থা এবং জাপানের প্রায় ১২০টি সংস্থা ও প্রতিষ্ঠান এ অনুষ্ঠানে অংশ নেয়। এ সময় উভয় পক্ষের প্রতিনিধিরা আশা প্রকাশ করেন যে এই ম্যাচিং ইভেন্টের মাধ্যমে জনশক্তি প্রেরণের জন্য চুক্তি স্বাক্ষর করা সম্ভব হবে যা জাপানে বাংলাদেশের শ্রমবাজার সম্প্রসারণের ক্ষেত্রে একটি মাইলফলক হবে।

সেমিনার ও ম্যাচিং প্রোগ্রামে বাংলাদেশ দূতাবাস ও জিটকোর কর্মকর্তারা উপস্থিত ছিলেন।